রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১০, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**বিদ্যুৎ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৩৪-আইন/২০২২।**—সরকার, বিদ্যুৎ আইন, ২০১৮ (২০১৮ সনের ৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, বিদ্যুৎ বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি (২) এর উপ-বিধি (১) এর—

(ক) দফা (গ) এরপর নিম্নরূপ নূতন দফা (গগ) এবং দফা (গগগ) সন্নিবেশিত হইবে, যথা:—

“(গগ) **“জেলা প্রশাসক”** অর্থ জেলা প্রশাসক বা অতিরিক্ত জেলা প্রশাসক এবং, ক্ষেত্রমত, জেলা প্রশাসক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(গগগ) **"প্রচলিত বাজার মূল্য"** অর্থ লাইসেন্সি যে এলাকায় টাওয়ার নির্মাণ করিবে সেই এলাকায় বিধি ১০ এর উপ-বিধি (৪) এর দফা (চ) এর অধীন নোটিশ জারির পূর্বের সমশ্রেণির এবং সমসুবিধাযুক্ত জমির ১২ (বারো) মাসের গড় বিক্রয় মূল্য, তবে, উক্ত এলাকার এইরূপ কোনো গড় বিক্রয় মূল্য না পাওয়া গেলে উক্ত জমির পার্শ্ববর্তী এলাকার (Vicinity) সমশ্রেণির ও সমসুবিধাযুক্ত জমির ১২ (বারো) মাসের গড় বিক্রয় মূল্য;";

(খ) দফা (চ) এরপর নিম্নরূপ নূতন দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(চচ) **"লাইসেন্সি"** অর্থ বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ বা সরবরাহের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি;";

(গ) দফা (ছ) এরপর নিম্নরূপ নূতন দফা (ছছ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ছছ) **"স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি"** অর্থ বৈদ্যুতিক টাওয়ার নির্মাণের জন্য ব্যক্তি মালিকানাধীন ভূমি ব্যবহারের কারণে প্রাপ্য ব্যবহার মূল্যের দাবিদার বা দাবি করিবার যোগ্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;";

(২) বিধি ১০ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪) লাইসেন্সি কর্তৃক বৈদ্যুতিক টাওয়ার নির্মাণকালে ব্যক্তি মালিকানাধীন ভূমি ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট মালিককে প্রচলিত বাজার মূল্যের ভিত্তিতে নিম্নবর্ণিত পদ্ধতিতে ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে, যথা:—

(ক) লাইসেন্সি সর্বশেষ প্রকাশিত জরিপ অনুসারে মৌজার নাম, জে, এল নং, খতিয়ান নং, দাগ নং, দাগের শ্রেণি, টাওয়ার নির্মাণে প্রস্তাবিত জমির পরিমাণ, প্রস্তাবিত জমির স্কেচম্যাপ (জিপিএস কো-অর্ডিনেটসহ) উল্লেখপূর্বক টাওয়ার নির্মাণের স্থান চূড়ান্ত করিবে;

(খ) দফা (ক) এর অধীন চূড়ান্তকৃত স্থানে বৈদ্যুতিক টাওয়ার নির্মাণের জন্য ব্যক্তি মালিকানাধীন ভূমি ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট মালিক বা মালিকগণের অনুকূলে

লাইসেন্সি পরিশিষ্ট-ক১ অনুসারে প্রচলিত বাজার মূল্যের সমপরিমাণ হারে ক্ষতিপূরণ নির্ধারণ করিয়া ক্ষতিপূরণের সম্পূর্ণ অর্থ জেলা প্রশাসকের নিকট জমা প্রদান করিবে এবং এইক্ষেত্রে সংশ্লিষ্ট সাব-রেজিষ্ট্রি অফিস লাইসেন্সিকে জমির বাজার মূল্য সংক্রান্ত তথ্য সরবরাহ করিবে;

(গ) জেলা প্রশাসক দফা (খ) এর অধীন প্রাপ্ত অর্থ তাহার পদের শিরোনামে একটি হিসাব খুলিয়া জমা রাখিবেন;

(ঘ) লাইসেন্সি জেলা প্রশাসকের নিকট দফা (গ) এর অধীন অর্থ জমা প্রদান করিবার পর টাওয়ার নির্মাণের কাজ শুরু করিতে পারিবে;

(ঙ) ক্ষতিপূরণ সংক্রান্ত কোনো জটিলতা উদ্ভূত হইলে দফা (ঝ) অনুসারে উহার নিষ্পত্তি করিতে হইবে, তবে ক্ষতিপূরণের দাবি বা পরিমাণ নির্ধারণ সংক্রান্ত সৃষ্ট কোনো জটিলতা লাইসেন্সি কর্তৃক বৈদ্যুতিক টাওয়ার নির্মাণ কাজকে বাধাগ্রস্ত করিবে না;

(চ) জেলা প্রশাসক লাইসেন্সি কর্তৃক বৈদ্যুতিক টাওয়ার নির্মাণের জন্য চূড়ান্তকৃত স্থান ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন মর্মে সম্পত্তির মালিক বা, ক্ষেত্রমত মালিকগণকে পরিশিষ্ট-ক২ অনুসারে নোটিশ প্রদান করিবেন এবং উক্ত সম্পত্তিতে জ্ঞাত বা বিশ্বাসযোগ্য সকল স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তির ক্ষতিপূরণের অংশ অথবা দাবি সম্বলিত তথ্য সম্পর্কে একটি রোয়েদাদ প্রস্তুত করিবেন;

(ছ) জেলা প্রশাসক দফা (চ) এর অধীন প্রস্তুতকৃত রোয়েদাদ অনুযায়ী স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা, ক্ষেত্রমত ব্যক্তিগণকে ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে অবিলম্বে পরিশিষ্ট-ক৩ অনুসারে নোটিশ প্রদান করিবেন;

(জ) ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা, ক্ষেত্রমত ব্যক্তিগণকে ক্ষতিপূরণ প্রদানকালে সর্বমোট ক্ষতিপূরণের পরিমাণ লাইসেন্সি কর্তৃক পূর্বে প্রদত্ত অর্থ অপেক্ষা অধিক হইলে জেলা প্রশাসক লাইসেন্সিকে অতিরিক্ত অর্থের চাহিদাপত্র প্রেরণ করিবেন এবং উক্ত চাহিদাপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উল্লিখিত অতিরিক্ত অর্থ জমা প্রদান করিতে হইবে;

(ঝ) জেলা প্রশাসক ক্ষতিপূরণের জন্য ধার্যকৃত রোয়েদাদ অনুযায়ী প্রাপ্য অর্থ উহার স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিকে প্রদান করিবেন;

(ঞ) ক্ষতিপূরণের দাবিদার ক্ষতিপূরণ গ্রহণ করিতে অসম্মত হইলে অথবা ক্ষতিপূরণের কোনো দাবিদার না থাকিলে অথবা ক্ষতিপূরণ দাবিদারের মালিকানা বিষয়ে কোনো আপত্তি থাকিলে অথবা ক্ষতিপূরণের অংশ নির্ধারণে কোনো আপত্তি থাকিলে, আপত্তি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ক্ষতিপূরণের অর্থ জেলা প্রশাসকের সংশ্লিষ্ট হিসাবে গচ্ছিত থাকিবে।";

(৩) পরিশিষ্ট-ক এর পর নিম্নরূপ নূতন পরিশিষ্ট-ক১, পরিশিষ্ট-ক২, পরিশিষ্ট-ক৩ প্রতিস্থাপিত হইবে, যথা :—

**পরিশিষ্ট-ক১**

**[বিধি ৪(খ) দ্রষ্টব্য]**

**বৈদ্যুতিক টাওয়ার নির্মাণের ব্যক্তি মালিকানাধীন জমি ব্যবহারের ক্ষতিপূরণের প্রাক্কলন**

জেলা ..............................................

লাইনের নাম .....................................

প্রকল্পের নাম .....................................

প্রত্যাশী সংস্থা ..................................

| ক্রমিক নং | টাওয়ার নং | জিপিএস কো-অর্ডিনেট (N: .......... S: ..........) | টাওয়ার নির্মাণে প্রস্তাবিত মোট জমির পরিমাণ (শতাংশে) | মালিক/ মালিকগণের নাম | মৌজার নাম | জে, এল নং | খতিয়ান নং | দাগ নং | দাগের শ্রেণি | প্রচলিত বাজার মূল্য (টাকা) | প্রাক্কলিত মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১। | | | | | | | | | | | | |
| ২। | | | | | | | | | | | | |
| ৩। | | | | | | | | | | | | |
| ....... | | | | | | | | | | | | |

( ........................ )

প্রকল্প পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

..................................... প্রকল্প

**পরিশিষ্ট-ক২**

**[বিধি ৪(চ) দ্রষ্টব্য]**

**বৈদ্যুতিক টাওয়ার নির্মাণে জমি ব্যবহারের নোটিশ**

লাইনের নাম : .............................. টাওয়ার নং : .................................

জারির নম্বর : ............................... তারিখ : ......................................

নোটিশ

প্রাপক : ..............................................................................

.........................................................................................

....................................................... সম্পত্তির মালিক/মালিকগণ

এতদ্দ্বারা বিদ্যুৎ আইন, ২০১৮ এর অধীন প্রণীত বিদ্যুৎ বিধিমালা, ২০২০ এর বিধি ১০ এর উপ-বিধি (৪) এর দফা (চ) মোতাবেক নোটিশ প্রদান করা যাইতেছে যে, সরকার নিম্নবর্ণিত ছকে অন্তর্ভুক্ত সম্পত্তি বৈদ্যুতিক টাওয়ার নির্মাণের জন্য ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

অতএব, উক্ত সম্পত্তির মালিক/মালিকগণকে এতদ্দ্বারা অনুরোধ জানানো যাইতেছে যে, তাহারা ব্যক্তিগতভাবে অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে ...................... তারিখ ................ ঘটিকা হইতে ......................... ঘটিকার মধ্যে......................... অফিসে/স্থানে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থিত হইয়া—

(ক) উক্ত সম্পত্তিতে তাঁহার/তাঁহাদের স্বার্থের প্রকৃতি এবং উক্তরূপ স্বার্থের ভিত্তিসহ দাবির পূর্ণ বিবরণ প্রদান করিবেন;

(খ) উক্ত সম্পত্তির বা উহার কোনো অংশের অংশীদার, লীজ গ্রহীতা অথবা অন্য কেহ উহাতে স্বার্থবান হইলে বা উক্ত সম্পত্তি বাবদ তিনি/তাঁহারা কোনো স্বার্থ বা লভ্যাংশ লাভ করিয়া থাকিলে উহার প্রকৃতি সম্পর্কে যতদূর সম্ভব লিখিত বিবৃতি পেশ করিবেন; এবং

(গ) মালিকানা প্রমাণের জন্য সকল দলিল বা কাগজপত্র সঙ্গে আনিবেন।

**ছক**

জেলা ...................... থানা/উপজেলা ............... মৌজা ............... জে, এল নং................

| ক্রমিক নং | খতিয়ান নং (সর্বশেষ রেকর্ড অনুসারে) | দাগ নং (সর্বশেষ রেকর্ড অনুসারে) | জমির শ্রেণি (সর্বশেষ রেকর্ড অনুসারে) | ব্যবহারের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (শতাংশে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |

জেলা প্রশাসক/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা

**পরিশিষ্ট-ক৩**

**[বিধি ৪(ছ) দ্রষ্টব্য]**

**বৈদ্যুতিক টাওয়ার নির্মাণে জমি ব্যবহারের ক্ষতিপূরণ প্রদানের নোটিশ**

**লাইনের নাম : ..............................** **টাওয়ার নং : .................................**

**জারির নম্বর : ...............................** **তারিখ : .....................................**

**নোটিশ**

প্রাপক : ..........................................................................

..........................................................................................

এতদ্দ্বারা বিদ্যুৎ আইন, ২০১৮ এর অধীন প্রণীত বিদ্যুৎ বিধিমালা, ২০২০ এর বিধি ১০ এর উপ-বিধি (৪) এর দফা (ছ) মোতাবেক নোটিশ প্রদান করা যাইতেছে যে, আপনি/আপনারা নিম্ন ছকে অন্তর্ভুক্ত জমিতে বৈদ্যুতিক টাওয়ার নির্মাণের স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিগণ বলিয়া গণ্য হইয়াছেন এবং প্রাপ্ত রেকর্ডপত্র অনুসারে আপনাকে/আপনাদিগকে নিম্নবর্ণিত হারে ব্যবহার মূল্য হিসাবে ক্ষতিপূরণ প্রদান করা হইবে, যথা :

প্রতি শতাংশ জমি ........... টাকা হিসাবে ........ শতাংশ জমির মূল্য বাবদ মোট ........... টাকা

সর্বমোট টাকা = ....................................... টাকা

যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উল্লিখিত ক্ষতিপূরণের টাকা গ্রহণের নিমিত্ত আপনি/আপনারা স্বয়ং বা যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে ৩০০ (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামাসহ ......................... তারিখ ..................... অফিসে/স্থানে নিম্ন স্বাক্ষরকারীর সম্মুখে হাজির হইবেন।

**ছক**

জেলা ....................... থানা/উপজেলা ................ মৌজা ................. জে, এল নং................

| ক্রমিক নং | খতিয়ান নং (সর্বশেষ রেকর্ড অনুসারে) | দাগ নং (সর্বশেষ রেকর্ড অনুসারে) | জমির শ্রেণি (সর্বশেষ রেকর্ড অনুসারে) | ব্যবহারের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (শতাংশে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |

জেলা প্রশাসক/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা"।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মাহফুজা আখতার**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd